যুগান্তর

তারিখ ... 27 DEC 2016 ...
পৃষ্ঠা ...২...৬ কলাম ...৫...

# পুস্তক বিক্রেতাদের মানববন্ধন

যুগান্তর ডেস্ক

প্রস্তাবিত শিক্ষানীতির কয়েকটি ধারা সংশোধনের দাবিতে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির উদ্যোগে সোমবার বিভিন্ন স্থানে মানববন্ধন সমাবেশ.করা হয়েছে। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিরা জানান-

**গাজীপুর :** বেলা ১১টায় জেলা প্রশাসক কার্যালয়ের সামনে রাজবাড়ী সড়কে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে সভাপতিত্ব করেন বাংলাদেশ পুস্তক প্রকাশনা ও বিক্রেতা সিমিতির গাজীপুর জেলা শাখার সভাপতি সুলতান আহম্মেদ। মানববন্ধনে উপস্থিত ছিলেন গাজীপুর জেলা শাখার সাধারণ সম্পাদক গাজী হাসান উদ্দিন, নীতি মালা বাস্তবায়ন কমিটির মো. জাহিদ হোসেন, মো. সালাউদ্দিন, হাজী জাহাঙ্গীর আলম, শাহিন মাসুদ, আ. রহমান, মো. দেলোয়ার হোসেন, মো. ফজলুর রহমান, আ. আউয়াল, সাখাওয়াত হোসেন সুমন, জামাল হোসেন, হাবিবুর রহমানসহ গাজীপুর জেলার সব পুস্তক প্রকাশনা ও বিক্রেতা সমিতির নেতারা। এ সময় নেতারা জানান, সারা দেশের ন্যায় কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে গাজীপুরে আগামী ২৭ ও ২৮ ডিসেম্বর পুস্তক প্রকাশনা অফিস এবং পুস্তক বিক্রি (লাইব্রেরি) বন্ধ থাকবে।

## শিক্ষানীতির ধারা সংশোধন দাবি

**বরিশাল ব্যুরো :** কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সদর রোডে মানববন্ধন শেষে সমাবেশে সংগঠনের বরিশাল বিভাগীয় সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক, বরিশাল জেলা শাখার সাধারণ সম্পাদক খন্দকার আবুল হাসান লিমন ও মোস্তাফিজুর রহমান বক্তৃতা করেন। বক্তারা অবিলম্বে শিক্ষানীতির কতিপয় ধারা সংশোধনের দাবি জানান।

**ময়মনসিংহ ব্যুরো :** শহরের শহীদ ফিরোজ-জাহাঙ্গীর চত্বরে মানববন্ধনে বক্তব্য রাখেন সমিতির সভাপতি চন্দন বিশ্বাস, সাধারণ সম্পাদক আবদুর রব মোশাররফ, সদস্য শংকর চক্রবর্তী, বেলাল হোসেন সরকার, মোহাম্মদ মোতালিব প্রমুখ।

**শেরপুর :** শেরপুর জেলা শাখার সদস্যরা দোকান বন্ধ রেখে এ মানববন্ধন কর্মসূচিতে অংশগ্রহণ করে।
মানববন্ধনে শেরপুর পুস্তক বিক্রেতা সমিতির সভাপতি একেএম মোছাদ্দেক ফেরদৌসী এবং সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান সুজাসহ অন্যান্য নেতারা বক্তব্য রাখেন।

**জামালপুর :** ঘণ্টাব্যাপী মানববন্ধনে বক্তব্য রাখেন সমিতির জামালপুর জেলা শাখার সাধারণ সম্পাদক মোকছেদুর রহমান হারুন, সহ-সভাপতি মাহবুবুর রহমান ভূঁইয়া ও মাফিজুর রহমান।

**রাজবাড়ী :** রাজবাড়ী প্রেসক্লাব চত্বরে মাববন্ধনে বক্তব্য প্রদান করেন জেলা পুস্তক ব্যবসায়ী সমিতির আহ্বায়ক জুলফিকার আলী টিটো, নুরুন্নবী খান শাহীন,আবদুর রাজ্জাক, সৈয়দ মোকাদ্দেস আলী প্রমুখ।

**বাগেরহাট :** মানববন্ধনে বক্তৃতা করেন, বাগেরহাট জেলা সমিতির সভাপতি আবু নাইম, সাধারণ সম্পাদক ইমরুল কায়েস, বনী আমীন, পলাশ দাশ, শরীফ মাসুদুল করিম প্রমুখ। এছাড়াও মানববন্ধনে জেলার ৯টি উপজেলার পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক ও লেকচার পাবলিকেন্সসহ জুপিটার, পাঞ্জেরীর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

**মানিকগঞ্জ :** মানববন্ধনে বক্তব্য রাখেন, মানিকগঞ্জ জেলা শাখার সভাপতি মোখলেছুর রহমান, সহ-সভাপতি মীর মোখসেদুল আলম, সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন, আবুল কালাম আজাদ, আবুল হাসেম সিকদারসহ সংগঠনের নেতারা। পরে তারা জেলা শহরে একটি প্রতিবাদ মিছিল বের করে।

**কলাপাড়া :** উপজেলা শাখা কমিটির সভাপতি অমল মুখার্জীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, পটুয়াখালী জেলা কমিটির সহ-সভাপতি বাবু অনিমেষ গুহ। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, আলগীর হোসেন, কবির হোসেন, মোনাসেফ খান, গোলাম মোস্তফা, জাহাঙ্গীর মুসল্লি, আবু হানিফ, ফোরকানুল ইসলাম প্রমুখ।